

ভুয়া প্রশ্নপত্র বিক্রি চক্রের চার সদস্য গ্রেপ্তার

বগুড়া অফিস



এসএসসি পরীক্ষার ভুয়া প্রশ্নপত্র দিয়ে শিক্ষার্থীদের কাছ থেকে
টাকা হাতিয়ে নেওয়া চক্রের চার সদস্যকে গ্রেপ্তার করেছে
বগুড়া পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি)। গত রবিবার রাতে
জেলার ধূনট উপজেলার জোড়াখালী গ্রাম থেকে তাঁদের আটক
করা হয়। পরে তাঁদের নামে ধূনট থানায় ডিজিটাল নিরাপত্তা
আইনে মামলা করে পুলিশ। গত সোমবার দুপুরে বগুড়ার পুলিশ
সুপার সুদীপ কুমার চক্রবর্তী তাঁর কার্যালয়ে এক সংবাদ
সম্মেলনে এ তথ্য জানান।

গ্রেপ্তারকৃতরা হলেন ধুনট উপজেলার জোড়াখালী গ্রামের
সালমান (২০), রাইসুল ইসলাম (২০), আহসান হাবিব (২০) ও
আব্দুল মমিন (২০)। তাঁরা বিভিন্ন কলেজের শিক্ষার্থী।